দৈনিক সংবাদ

২৬/৪/২০০৫

তারিখ ........
পৃষ্ঠা ...৩... কলাম ...১-৩...

জহুরুল ইসলাম মেডিক্যাল কলেজ হাসপাতাল

# জাল সার্টিফিকেটসহ ২ জন গ্রেফতার

বাজিতপুর (কিশোরগঞ্জ) থেকে নিজস্ব সংবাদদাতা : গত ২২শে এপ্রিল বাজিতপুরের ভাগলপুরে জহুরুল ইসলাম মেডিক্যাল কলেজ হাসপাতালে দুই বছরের ট্রেনিং কোর্সের ভুয়া ও জাল মিডওয়াইফরি (ধাত্রীবিদ্যা) সার্টিফিকেটসহ ৩ জনকে গ্রেফতার করা হয়েছে। আটক ২ জন হচ্ছেন—নরসিংদীর বেলাব উপজেলার বাজনাবো গ্রামের নজরুল ইসলাম (৩০) এবং কিশোরগঞ্জের কুলিয়ারচর উপজেলার জাফরাবাদ গ্রামের আবুল কালাম (২৪)।

জানা গেছে, নজরুল ইসলাম ও আবুল কালাম গত ২২শে এপ্রিল দুপুরে জহুরুল ইসলাম মেডিক্যাল কলেজের উপাধ্যক্ষ ও হাসপাতালের সুপারিনটেনডেন্ট ডা. জামশেদ আলমের কক্ষে এসে নজরুল ইসলামের বোন লুৎফুন্নাহারের চাকার এক হাসপাতালে চাকরি নেয়ার প্রয়োজনে মিডওয়াইফরি ট্রেনিং সার্টিফিকেট প্রদানের জন্য বলেন। হাসপাতালের সুপার ২ বছরের ট্রেনিং ছাড়া জহুরুল ইসলাম মেডিক্যাল কলেজ থেকে এ জাতীয় সার্টিফিকেট দেয়া হয় না বলে জানান; কিন্তু গত ১২ই এপ্রিল নজরুল ইসলাম ফুলমিয়াকে নিয়ে ফুলমিয়ার মেয়ে রহিমা আক্তারের নামে একটি সার্টিফিকেট সংগ্রহ করেছেন বলে সুপারকে জানান এবং সার্টিফিকেটের ফটোকপি দেখান। ফটোকপি দেখে সার্টিফিকেটটি ও সই যে জাল তা সুপারিনটেনডেন্ট বুঝতে পেরে নজরুল ইসলাম ও আবুল কালামকে পুলিশের হাতে তুলে দেন। এ ব্যাপারে প্রতারণা ও জালিয়াতির অভিযোগে সুপার ডা. জামশেদ আলম নিজে বাদি হয়ে বাজিতপুর থানায় মামলা দায়ের করেন। মামলার আইও নাজমুল ইসলাম জানান, ঘটনার সঙ্গে বড় কোন চক্র জড়িত থাকতে পারে। ইতোমধ্যে জোর পুলিশি তদন্ত শুরু হয়েছে।